শিক্ষাঙ্গন

# চাকসু নির্বাচনে কোন পদে কতজন প্রার্থী?

চবি প্রতিনিধি
প্রকাশ: ২০ সেপ্টেম্বর ২০২৫, ০২:৫১ এএম




Cats Eye
Puja Special: 15% Off

শুক্রবার (১৯ সেপ্টেম্বর) রাত ৯টার দিকে নির্বাচন কমিশনের প্রকাশিত তথ্য অনুযায়ী, সহ-সভাপতি পদে ২৫ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। এছাড়া সাধারণ সম্পাদক ও যুগ্ম-সাধারণ সম্পাদক পদে ২২ জন করে প্রার্থী রয়েছেন।

খেলাধুলা ও ক্রীড়া সম্পাদক পদে ১২ জন এবং সহ-খেলাধুলা সম্পাদক পদে ১৫ জন লড়বেন। সাহিত্য, সংস্কৃতি ও প্রকাশনা সম্পাদক পদে ১৮ জন এবং সহ-সাহিত্য সম্পাদক পদে ১৬ জন প্রার্থী মনোনয়ন জমা দিয়েছেন।

ছাত্রী কল্যাণ সম্পাদক পদে (সংরক্ষিত) ১২ জন এবং সহ-ছাত্রী কল্যাণ সম্পাদক পদে (সংরক্ষিত) ১১ জন প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন।

**অন্যান্য গুরুত্বপূর্ণ সম্পাদকীয় পদ**

দপ্তর সম্পাদক পদে ১৩ জন; সহ-দপ্তর সম্পাদক পদে ১৪ জন; বিজ্ঞান ও তথ্যপ্রযুক্তি সম্পাদক পদে ১১ জন; গবেষণা ও উদ্ভাবন সম্পাদক পদে ১৩ জন; সমাজসেবা ও পরিবেশ সম্পাদক পদে ২০ জন; স্বাস্থ্য সম্পাদক ১৭ জন; মুক্তিযুদ্ধ ও গণতান্ত্রিক আন্দোলন সম্পাদক ১৭ জন; ক্যারিয়ার ডেভেলপমেন্ট ও আন্তর্জাতিক সম্পাদক ১৬ জন; যোগাযোগ ও আবাসন সম্পাদক ২০ জন; সহ-যোগাযোগ ও আবাসন সম্পাদক ১৪ জন; আইন ও মানবাধিকার সম্পাদক ১১ জন; পাঠাগার ও ক্যাফেটেরিয়া সম্পাদক পদে ২১ জন।

সবচেয়ে বেশি প্রতিযোগিতা দেখা গেছে নির্বাহী সদস্য পদগুলোতে। মোট ৫টি আসনের বিপরীতে মনোনয়ন পত্র জমা দিয়েছেন ৮৪ জন প্রার্থী।